# নবী-রাসূলগণের দা‘ওয়াতী মূলনীতি

বিভাগ/অধ্যায়ঃ ২। মানব সৃষ্টির রহস্য (حكمة خلق الإنسان)

রচয়িতা/সঙ্কলকঃ মুহাম্মাদ ইবনে ইবরাহীম আত-তুওয়াইজিরী

ক. বিশ্বজগৎ সৃষ্টির রহস্য (حكمة خلق الكائنات)

মহান আল্লাহ তার বান্দার নিকট তার পূর্ণজ্ঞান, ক্ষমতা ও মহানত্ব প্রমাণ করার জন্য এই মহাজগৎ সৃষ্টি করেছেন এবং তিনি এই মহাজগতের সবকিছুকে এমনভাবে সৃষ্টি করেছেন যে, সবকিছুই তাদের প্রতিপালকের প্রশংসাসহ পবিত্রতা বর্ণনা করে। মানুষ যখন এই বিষয়টি উপলব্ধি করতে পারবে, তখন তার প্রতিপালকের ইবাদতের দিকে ধাবিত হবে, যিনি একক এবং যার কোন শরীক নেই। আর সে মহান আল্লাহ ও তার রাসূলগণের আনুগত্যের মাধ্যমে মহান আল্লাহর উদ্দেশ্য বাস্তবায়নে সক্ষম হবে। সাথে সাথে সে আল্লাহর পূর্ণ দাসত্ব ও আনুগত্যে অন্যান্য সৃষ্টির সাথেও অংশগ্রহণ করতে পারবে।

১। আল্লাহ তা‘আলা বলেন:

﴿اللَّهُ الَّذِي خَلَقَ سَبْعَ سَمَاوَاتٍ وَمِنَ الْأَرْضِ مِثْلَهُنَّ يَتَنَزَّلُ الْأَمْرُ بَيْنَهُنَّ لِتَعْلَمُوا أَنَّ اللَّهَ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ وَأَنَّ اللَّهَ قَدْ أَحَاطَ بِكُلِّ شَيْءٍ عِلْمًا (12)) ... [الطلاق: 12].

‘তিনি আল্লাহ, যিনি সাত আসমান এবং অনুরূপ যমীন সৃষ্টি করেছেন; এগুলির মাঝে তাঁর নির্দেশ অবতীর্ণ হয়, যেন তোমরা জানতে পার যে, আল্লাহ সর্ববিষয়ে ক্ষমতাবান এবং আল্লাহর জ্ঞান সবকিছুকে বেষ্টন করে আছে’(সূরা আত-তালাক্ব:১২)।

২। আল্লাহ তা‘আলা আরো বলেন:

(وَمَا خَلَقْتُ الْجِنَّ وَالْإِنْسَ إِلَّا لِيَعْبُدُونِ (56) مَا أُرِيدُ مِنْهُمْ مِنْ رِزْقٍ وَمَاأُرِيدُ أَنْ يُطْعِمُونِ (57) إِنَّ اللَّهَ هُوَ الرَّزَّاقُ ذُو الْقُوَّةِ الْمَتِينُ (58)) [الذاريات: 56 ـ 58]

‘আর আমি জিন ও মানুষকে কেবল এজন্যই সৃষ্টি করেছি যে, তারা আমার ইবাদত করবে। আমি তাদের কাছে কোন রিযক চাই না; আর আমি চাই না যে, তারা আমাকে খাবার দিবে। নিশ্চয় আল্লাহই রিযকদাতা, তিনি শক্তিধর, পরাক্রমশালী’(সূরা আয-যারিয়াত:৫৬-৫৮)।

Source — https://www.hadithbd.com/books/link/?id=9295

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন